গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

১৬ শ্রাবণ, ১৪২৪

পত্র নং-১৮.০০.০০০০.০২৩.০৬.০২৬.১৭-**১০০** তারিখঃ-------------------

৩১ জুলাই, ২০১৭

বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাজাহান খান এরঁ সভাপতিত্বে ২০ জুলাই, ২০১৭ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে আনুষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

৩১.৭.২০১৭
(মোঃ নজরুল ইসলাম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৮১৭

বিতরন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বাণিজ্যিক) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব (প্রশাসন/টিসি-বিএসসি) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহণ মন্ত্রণালয়।
৬। যুগ্মপ্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক বিষয় সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শাজাহান খান, এম.পি
: মাননীয় মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময় : ২০-০৭-২০১৭, বিকাল ৩-০০ ঘটিকা।
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৌপরিবহন সচিব মহোদয় বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক-কে সভার বিষয়বস্তু উপস্থাপন করার অনুরোধ জানান। অতঃপর বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক বিগত ৩০-০১-২০১৭ তারিখে অনুষ্ঠিত আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা মোতাবেক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
(১)	চায়না এক্সিম ব্যাংকের ঋণের অর্থায়নে ৬টি জাহাজ ক্রয়/ সংগ্রহ।	বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, আলোচ্য প্রকল্পের আওতায় জাহাজ সংগ্রহের নিমিত্ত জাহাজ নির্মাণ চুক্তির শর্ত ও স্পেসিফিকেসন অনুযায়ী জাহাজ নির্মাণে বিএসসির পক্ষে গুনগত মান নিশ্চিতকরনের জন্য আন্তর্জাতিক মানসম্পন্ন প্রতিষ্ঠান DNV-GL Germany-কে Buyer's supervisor হিসাবে নিয়োগ প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে গত ২০.০৪.২০১৭ তারিখে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং তদানুযায়ী প্রতিষ্ঠানটির প্রতিনিধিদল বর্তমানে প্রকল্প সাইটে কর্মরত আছে। তাছাড়া, নৌপরিবহন মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী ইতোমধ্যে চায়নাস্থ শিপইয়ার্ড পরিদর্শনপূর্বক ১৯-০৫-২০১৭ তারিখে জাহাজের মেসিভ প্লেট কাটিং উদ্বোধন করেছেন । উল্লেখ্য, গত ২৯-১২-২০১৬ তারিখে ১ম কিস্তির অর্থ পরিশোধ করা হয়। অধিকন্তু, চুক্তির শর্তানুযায়ী গত ০৮-০৬-২০১৭ তারিখে ২য় কিস্তির অর্থ বাবদ আরএমবি ১৭৯,৯৯৯,৮৬০.৫০ (টাকা	চুক্তির শর্ত ও স্পেসিফিকেশন অনুযায়ী জাহাজসমূহ যথাযথভাবে নির্মান ও নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহের জন্য এমডি, বিএসসি এবং প্রকল্প পরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন।

		২২১.৪০ কোটি মাত্র) সিএমসিকে প্রদানের নিমিত্ত নৌপরিবহন মন্ত্রনালয়ের মাধ্যমে ইআরডিকে পত্র প্রেরন করা হলে ১৩-০৬-২০১৭ তারিখে ইআরডি তা চায়না দুতাবাসের মাধ্যমে চায়না এক্সিম ব্যাংকে পরিশোধর জন্য প্রেরণ করে।	
(২)	বিএসসি'র নিজস্ব অর্থায়নে ১টি প্রোডাক্ট অয়েল ট্যাংকার ক্রয় ।	বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, আলোচ্য প্রকল্পের অধীনে জাহাজটি ক্রয়ের লক্ষ্যে পিপিআর-২০০৮ এর সরাসরি ক্রয় পদ্ধতি (ডিপিএম) অনুসরণ করে দরপত্র আহবান করা হয়। অতঃপর আলোচ্য প্রকল্পটি যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অনুমোদন প্রাপ্তির পর বিএসসি কর্তৃক নারায়ণগঞ্জ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ লিমিটেডকে বিগত ২৭-০২-২০১৭ তারিখে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হয়। অতঃপর দরপত্র দলিলের শর্ত মোতাবেক জাহাজটির Pre-purchase inspection (PPI) সম্পন্নকরণের লক্ষ্যে ডকইয়ার্ড কর্তৃপক্ষ তাদের ১১-৫-২০১৭ তারিখের পত্র মারফত ২০ মে, ২০১৭ তারিখ ইতালির রেভিনা বন্দরে বিএসসির মনোনীত প্রতিনিধিবৃন্দকে উপস্থিত থাকার অনুরোধ জানান। উক্ত বন্দরে গমনের জন্য যথাসময়ে সরকারি আদেশ জারি করা হলেও ভিসা না পাওয়ায় PPI এ যাওয়া সম্ভব হয়নি। উক্ত ইন্সপেকশন না হওয়ায় প্রকল্পটি বাস্তবায়ন সংক্রান্ত স্টিয়ারিং কমিটির ১৩-০৬-২০১৭ তারিখের সভায় আগামী জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত (ইন্সপেকশন না হওয়া পর্যন্ত) জাহাজটিকে ভারতে অবস্থান নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে PPI এর সকল শর্ত সম্পন্ন করানোর লক্ষ্যে পরিদর্শন টিমের ৪(চার) জন সদস্যকে আগামী ৫-১০ জুলাই, ২০১৭ অথবা পরিদর্শনের প্রকৃত সময় হতে ৫(পাঁচ) দিনের জন্য ভারত সফরের সরকারি আদেশ জারি হয়েছে। PPI এ যাওয়ার পূর্বে ডকইয়ার্ড থেকে বৈরি আবহাওয়ার জন্য উক্ত সফর বাতিলের অনুরোধ করা হয়। সর্বশেষ ডকইয়ার্ড কর্তৃক উক্ত জাহাজ PPI এর জন্য চীনে আগামী ৫ আগষ্ট, ২০১৭ তারিখ পুনঃনির্ধারণ করা হয়। সে মোতাবেক চীনে উক্ত জাহাজ inspection এর জন্য সরকারি আদেশ জারির জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।	দরপত্র দলিলের শর্ত মোতাবেক জাহাজটির Pre-purchase inspection সম্পন্নকরণ পূর্বক জরুরিভিত্তিতে জাহাজটি ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (দায়িত্বঃ বিএসসি)।